



Total number of printed pages-4

14 (BEN-4) 4036

2022

**BENGALI**

Paper : BEN-4036

**(New Syllabus)**

(প্রতিবেশী সাহিত্য ও উত্তরপূর্ব ভারতের বাংলা সাহিত্য)

Full Marks : 80

Time : Three hours

**The figures in the margin indicate full marks for the questions.**

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও :  $2 \times 8 = 16$
- (ক) সৌদামিনী কোন মাসে তার মা-বাবার সঙ্গে বৃন্দাবন গিয়েছিল ? সেই সময় বৃন্দাবনে যে উৎসব অনুষ্ঠিত হত সেগুলির মধ্যে যে কোনো দুটি উৎসবের নাম লেখো।
- (খ) 'সৌদামিনীকে দেখে, খুপরি থেকে বেরিয়ে এল সবাই।' এই সবাই কারা ? তারা কীভাবে জীবিকানির্ভাহ করত।
- (গ) 'হরানো টুপির রহস্য' গল্পে মৎস্য তথা চারুকলা বিভাগের মন্ত্রী কে ছিলেন ? সভায় তাঁর গলায় কে মালা পরিয়ে দিয়েছিল ?

Contd.

(ঘ) 'কুঁড়েঘরের দোরে বাপ-বেটায় পোহানোর নেভা  
আগুনের সামনে চুপচাপ বসে আছে।'

উদ্ধৃতিটিতে উল্লেখিত 'বাপ-বেটা'-র নাম লেখো।

(ঙ) 'য়ংচরিং' কী ?

(চ) 'হাপিং থাকলেও থাকনিলে কাইয়া নুংবাই মালায়নি  
ছকইয়া'

'লংতরাই' উপন্যাসে এই লোকগানটি কে গেয়েছিল ?  
গানের এই দুই পংক্তির অর্থ লেখো।

(ছ) হাসান সাহেবের কত বছর বয়সে তাঁর বাবা তাঁর মাকে  
তালাক দিয়েছিলেন ? এরপর কত বছর হাসান সাহেব  
তাঁর মাকে দেখেননি ?

(জ) অনিন্দ্যসুন্দরকে কোথায় সংবর্ধনা জানানোর আয়োজন  
করা হয়েছিল ? তিনি কার সঙ্গে সেখানে গিয়েছিলেন ?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৬×৪=২৪

✓ (ক) মথুরা ছাউনি স্টেশন থেকে ডাঃ রায়চৌধুরী পরিবারের  
বৃন্দাবনে তাঁদের আবাসস্থলে যাওয়ার যাত্রাপথের বর্ণনা  
দাও।

✓ (খ) 'টোবা টেক সিং' গল্পের টোবা টেক সিং চরিত্র সম্পর্কে  
সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'লংতরাই' উপন্যাসে 'লংতরাই বাবা' কে ? তার সম্পর্কে যা জান লেখো।

(ঘ) 'নাগা-পাহাড়ের জোয়ান অব আর্ক' 'নাগা-রানি' কবিতা অবলম্বনে নাগা-পাহাড়ের 'জোয়ান অব আর্ক'-এর পরিচয় দাও।

(ঙ) অনিন্দ্যসুন্দরের সঙ্গে তাঁর পুত্রবধু শ্যামলীর সম্পর্কের স্বরূপ আলোচনা করো।

৩। (ক) 'নীলকণ্ঠী ব্রজ' উপন্যাসের নামকরণের যৌক্তিকতা বিচার করো। ১০

অথবা

(খ) 'অবশেষে সত্যি সত্যিই সৌদামিনীর সেই আঁচল এক কলঙ্ক কাহিনি খোদিত শিলালিপিতে রূপান্তরিত হয়ে গেল।'

— উক্তিটির আলোকে সৌদামিনীর জীবনকাহিনি বর্ণনা করো।

৪। (ক) 'ইলিশ মাছের স্বাদ' গল্প অবলম্বনে জেলেদের জীবনযাত্রার একটি রেখাচিত্র অঙ্কন করো। ১০

অথবা

(খ) 'হরানো টুপির রহস্য' গল্পের মহারণা চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো।

৫। (ক) 'লংতরাই' উপন্যাসে প্রস্ফুটিত প্রকৃতিচিত্র অঙ্কন করো।

১০

অথবা

(খ) 'লংতরাই' উপন্যাসে যে লোকজীবনের ছবি ফুটে উঠেছে সে সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো।

৬। (ক) “ 'কেচ্ছা' গল্পের গভীরে নিহিত রয়েছে এক বঞ্চিত নারীর করুণ দীর্ঘশ্বাস।” মন্তব্যটির আলোকে বদরুজ্জামান চৌধুরীর 'কেচ্ছা' গল্পের কাহিনি বিশ্লেষণ করো।

১০

অথবা

(খ) হেমাঙ্গ বিশ্বাসের 'মা তুমি শিগ্গির ফিরে এসো' কবিতাটির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।